

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিসংখ্যান অফিস  
আটোয়ারী, পঞ্চগড়  
bbs.atwari.panchagarh.gov.bd

স্মারক নং-৫২.০১.৭৭০৪.০০০.০৫.০২১.২০-২৫

তারিখঃ ২৫ শেখ, ১৪২৬ বঙ্গাব্দ  
৯ জানুয়ারি, ২০২০ খ্রিঃাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন "জনশুমারি ও গৃহগণনা ২০২১" এর লিফটিং অপারেশন কার্যক্রমে "সুপারভাইজার ও তালিকারী/গণনাকারী" পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুমারি আটোয়ারী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম                | প্রাপ্য ভাতাদি   | প্রার্থীর শিক্ষাপত ও অন্যান্য যোগ্যতা  |
|--------|-------------------------|--|--|
| ০১     | সুপারভাইজার             | প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানী ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন | ১। উচ্চমাধ্যমিক পাশ বা সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবেন, বিকিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।<br>২। নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে।<br>৩। স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪। সহজে বোধগম্য লেখার অধিকারী হতে হবে।<br>৫। উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২     | তালিকাকারী/<br>গণনাকারী | প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানী ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন | ১। উচ্চমাধ্যমিক পাশ বা সমমান।<br>২। নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩। স্মার্ট ফোনের এক্সয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্ট ফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ ইঞ্চি হতে হবে।<br>৪। সহজে বোধগম্য লেখার অধিকারী হতে হবে।<br>৫। উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে তালিকাকারী/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।   |

বিঃদ্রঃ ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারী বা অনুরূপ ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে ভাতাদি পরিবর্তিত হতে পারে।

## শর্তাবলীঃ

- উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবপোর্টাল (bbs.atwari.panchagarh.gov.bd) হতে ডাইনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান অফিসের ওয়েবপোর্টাল (bbs.panchagarh.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- লিফটিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিফটিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে, বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার ভিত্তিতে মোট পদের ন্যূনতম ৫০% নিয়োগ প্রদান করা হবে। উল্লেখ্য যে, যোগ্য মহিলা প্রার্থী না পাওয়া সাপেক্ষে বেকার পুরুষ প্রার্থী হতে নিয়োগ প্রদান করা হবে।
- লিফটিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতিয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিফটিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ থাকার উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ২০/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসের কার্যালয়ের নির্ধারিত স্থানে সরাসরি অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০ ঘটিকা) মধ্যে পৌছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনি পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- লিফটিং অপারেশনের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবপোর্টাল (bbs.atwari.panchagarh.gov.bd) এবং জেলা পরিসংখ্যান অফিস এর ওয়েবপোর্টালেও (bbs.panchagarh.gov.bd) প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- জরিপ চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বিরত রাখা হবে।
- এ নিয়োগটি শুধু মাত্র লিফটিং/শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং লিফটিং/শুমারি কার্যক্রম শেষ হওয়ার পর থেকে নিয়োগ বাতিল হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
০৯/০১/২০  
সৈয়দ মাহমুদ হোসান  
উপজেলা নির্বাহী অফিসার (এঃ দাঃ)  
আটোয়ারী, পঞ্চগড়  
ও  
সভাপতি  
জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
আটোয়ারী, পঞ্চগড়